


লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ  
ডেমরা, ঢাকা।

মিলের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের জন্য অনুকূল কর্ম পরিবেশ তৈরী, কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করণের মাধ্যমে মিলের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে উত্তম চর্চা অনুশীলন করা হয়।

মিলের উত্তম চর্চার তালিকা নিম্নরূপঃ-

- (১) কর্মকর্তা/কর্মচারীগণের অফিসে সময়মত উপস্থিতি নিশ্চিত করার জন্য বায়োমেট্রিক ডিভাইজ স্থাপন করা হয়েছে; শ্রমিকদের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার জন্য বিশেষ টিম গঠন করে নিয়মিত পর্যবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- (২) শ্রমিকদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রকল্প প্রধানের উপস্থিতিতে মত বিনিময় সভার আয়োজন করা হয়;
- (৩) মহিলা শ্রমিকদের জন্য আলাদা টয়লেট ফ্যাসিলিটি ও বিশ্রামাগারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- (৪) মিলের উৎপাদনসহ অন্যান্য বিভাগের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য বিভাগীয় প্রধানগণের সাথে প্রকল্প প্রধানের নিয়মিত সমন্বয় সভার আয়োজন করা হয়;
- (৫) মিলের সেবাসমূহের তালিকা প্রণয়ন করে দর্শনীয় স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- (৬) মিলের বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা/কর্মচারীগণের পড়াশুনার জন্য বিদ্যালয়ের একটি কক্ষে লাইব্রেরী স্থাপন করা হয়েছে;
- (৭) মিলের অফিস ও আবাসিক এলাকায় বিদ্যুৎ ও গ্যাস সাশ্রয়ের জন্য একটি পর্যবেক্ষণ টিম গঠন করা হয়েছে; টিম টহলের মাধ্যমে বিদ্যুৎ ও গ্যাস ব্যবহারে সংশ্লিষ্টদের নিয়মিত ভাবে সচেতন করে থাকে;
- (৮) ক্রেতার চাহিদাসহ অন্যান্য যে কোন দাপ্তরিক কাজ তাৎক্ষণিকভাবে সম্পাদনের লক্ষ্যে প্রকল্প প্রধান সরাসরি দায়িত্ব প্রাপ্ত/ডেপুটি কর্মকর্তা/কর্মচারীর সাথে কথা বলে কাজ সম্পাদন করে থাকেন।
- (৯) এ ছাড়া এফজেএফ কাপড় দিয়ে ফেঙ্গি ব্যাগ তৈরীর লক্ষ্যে কয়েকটি মেশিন দ্বারা আলাদা একটি ইউনিট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

  
০২/০২/২০২০  
আব্দুল মান্নান  
ব্যবস্থাপক (প্রশাসন)  
লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ  
ডেমরা, ঢাকা।